

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
অর্থ শাখা
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলি রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং: ৫৭.২৫.০০০০.০০২.০৮.০১০.২৬-১৫৮

তারিখ: ১৫ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ
২৯ জুন, ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: কিশোরগঞ্জ জেলার পাকুন্দিয়া উপজেলাধীন মিরদী ফায়িল মাদ্রাসার সহকারী অধ্যাপক (আরবি) জনাব আমিরুল্লাহ (ইনডেক্স নং: N2098597) এর ইনডেক্স কর্তন এবং উত্তোলিত অর্থ সরকারি কোষাগারে ফেরৎ প্রদান প্রসঙ্গে।

সূত্র: ১। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং: ৫৭.২৫.০০০০.০০২.০৮.০১০.২৬-১১৪, তারিখ: ১৭ মে, ২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিশ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কিশোরগঞ্জ জেলার পাকুন্দিয়া উপজেলাধীন মিরদী ফায়িল মাদ্রাসার সহকারী অধ্যাপক (আরবি) জনাব আমিরুল্লাহ (ইনডেক্স নং: N2098597) এর NTRCA সনদ জাল ও ভুয়া মর্মে জনাব কাজী শরিফুল ইসলাম অত্র অধিদপ্তরে একটি লিখিত অভিযোগ দাখিল করেন। উক্ত অভিযোগ নিষ্পত্তির জন্য জনাব মো: আসাদুজ্জামান, পরিদর্শক (রংপুর বিভাগ) কে দায়িত্ব প্রদান করা হয়।

জনাব মো: আসাদুজ্জামান, পরিদর্শক (রংপুর বিভাগ) এর ২৩/০৪/২০২৬ তারিখের ৫৭.২৫.০০০০.০০০.০১০.০০.০০৩.২৬-২১ নং স্মারকের তদন্ত প্রতিবেদন অনুযায়ী কিশোরগঞ্জ জেলার পাকুন্দিয়া উপজেলাধীন মিরদী ফায়িল মাদ্রাসার সহকারী অধ্যাপক (আরবি) জনাব আমিরুল্লাহ এর বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায় যে জনাব আমিরুল্লাহ ৫ম শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০০৯ সালের রেজি নং- 90017696/2009 রোল নং-43110264 এর দাখিলকৃত প্রত্যয়নপত্রটি সঠিক নয়। দাখিলকৃত প্রত্যয়নপত্রটি জাল ও ভুয়া মর্মে অবহিত করেন।

এমতাবস্থায়, সহকারী অধ্যাপক (আরবি) জনাব আমিরুল্লাহ (ইনডেক্স নং: N2098597) এর বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) সনদ জাল ও ভুয়া প্রমানিত হওয়ায় তার ইনডেক্স কর্তন করা হলো। জনাব আমিরুল্লাহ (ইনডেক্স নং: N2098597) কর্তৃক এমপিও ভুক্তির তারিখ হতে উত্তোলনকৃত বেতন ভাতা চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদানের নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১। জনাব আমিরুল্লাহ (ইনডেক্স নং: N2098597)
সহকারী অধ্যাপক (আরবি), মিরদী ফায়িল মাদ্রাসা, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ


মোহাম্মদ শুকুর আলম মজুমদার
সহকারী পরিচালক (অর্থ)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
ও
সদস্য সচিব
এমপিও বাছাই ও অনুমোদন কমিটি
ফোন: ৪১০৩০৮৯৩
adfinance.dme@gmail.com

অনুলিপি সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
- ২। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ
- ৩। সভাপতি/অধ্যক্ষ, মিরদী ফায়িল মাদ্রাসা, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।